

চুয়েটে বর্ণাঢ্য আয়োজনে তিনদিনব্যাপী ‘ইইই ডে-২০২২’ শুরু

প্রেস রিলিজ

৮ ডিসেম্বর ২০২২ ০৪:৩৮ পিএম | আপডেট: ৮ ডিসেম্বর ২০২২
০৪:৩৮ পিএম

27
Shares



উষ্ণ চুমুকে জমজমাট বিশ্বকাপ



বক্তব্য দিচ্ছেন ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল আলম। ছবি: আমাদের সময়

advertisement

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) এ বর্ণাঢ্য আয়োজনে ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের আয়োজনে ‘ইলেকট্রিক্যাল সার্জ’ শিরোনামে ‘ইইই ডে-২০২২’ উপলক্ষ্যে তিনদিনব্যাপী অনুষ্ঠানমালা শুরু হয়েছে। এ উপলক্ষ্যে আজ বৃহস্পতিবার বেলা ১১টায় উৎসবের প্রথমদিনে ইইই বিভাগের সামনে থেকে এক আনন্দ র্যালি বের করা হয়।

এতে নেতৃত্ব দেন চুয়েটের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল আলম। র্যালিটি বিশ্ববিদ্যালয়ের ইএমই ভবন থেকে পুরকৌশল ভবন হয়ে কেন্দ্রীয় অডিটোরিয়ামে গিয়ে শেষ হয়। এতে বিভিন্ন অতিথিবৃন্দসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীগণ অংশগ্রহণ করেন।

advertisement

পরে সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় অডিটোরিয়ামে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন চুয়েটের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল আলম। ইইই বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. মোহাম্মদ রুবাইয়াৎ তানভীরের সভাপতিত্বে এতে বিশেষ অতিথি ছিলেন তড়িৎ ও কম্পিউটার কৌশল অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ মশিউল হক। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন ইইই ডে-২০২২ এর আহ্বায়ক ও ইইই বিভাগের সহকারী অধ্যাপক ড. সম্পদ ঘোষ।

advertisement 4

দিবসটি উপলক্ষ্যে দুপুর সাড়ে বারোটায় ‘বাংলাদেশের পরিপ্রেক্ষিতে ইইই বিভাগের শিক্ষার্থীদের জন্য সরকারি চাকরির সুবিধা’ শীর্ষক একটি টেকনিক্যাল সেশনের আয়োজন করা হয়। এতে রিসোর্স পারসন হিসেবে প্রবন্ধ উপস্থাপন করেন চট্টগ্রামের রাউজান তাপবিদ্যুৎ কেন্দ্রের সহকারী প্রধান প্রকৌশলী আফরোজা আক্তার এবং ইউনিলিভার বাংলাদেশ লিমিটেডের ইলেকট্রিক্যাল অ্যান্ড অটোমেশন বিভাগের ম্যানেজার প্রকৌশলী মুশফিকুর রহমান। তিনদিনব্যাপী ইইই ডে-এর অনুষ্ঠানমালার দ্বিতীয়দিনে থাকছে সার্কিট অলিম্পিয়াড, কুইজ প্রতিযোগিতা ও কেইস প্রতিযোগিতা এবং সমাপনী দিনে থাকছে প্রীতি ফুটবল ম্যাচ, পুরস্কার বিতরণ, সাংস্কৃতি অনুষ্ঠান প্রভৃতি